দৈনিক ইত্তেফাক

তারিখ . 07 MAY 1993
পৃষ্ঠা ... ৪২ ... কলাম ... ১ ...

# জা'ন' বিশ্ববিদ্যালয়ে ছাত্র আন্দোলন জোরদার

জাকসু নির্বাচনের প্রাক্কালে বিভিন্ন দাবী আদায়ের লক্ষ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংগঠনগুলি পৃথক পৃথক আন্দোলন শুরু করিয়াছে। ছাত্র-

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## জা ন বিশ্ববিদ্যালয়

( শেষ পৃঃ পর )

দল সংগঠনের সাংগঠনিক সম্পাদক মোয়াজ্জেম হোসেন ও আল-বেরুনী হলের এজিএস আবু ইউসুফের বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবীতে বিক্ষোভ মিছিল, সমাবেশ এবং স্মারকলিপি পেশ করিয়াছে। বহিষ্কারের প্রতিবাদে এম,এ শেষ পর্বের ছাত্র-ছাত্রীরা স্নাতকোত্তর পরীক্ষা বর্জন করিয়াছে। গত ২৯শে এপ্রিল বাংলা বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই। ইতিহাস বিভাগের পরীক্ষাও স্থগিত হইয়াছে। পরীক্ষা পিছানোর ফলে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ৭/৮ মাসের সেশন-জট সৃষ্টি হইবে। বর্তমান মাষ্টার্স পর্বের ছাত্র-ছাত্রীদের সেশন ১৪ মাস অতিক্রম করিয়াছে। গত জাকসু নির্বাচনে অপেক্ষাকৃত ভাল ফলাফলে এবৎসর ক্যাম্পাসে ছাত্রলীগের ( ম-ই ) তৎপরতা বৃদ্ধি পাইয়াছে। মধ্য এপ্রিলে গ্রীষ্মকালীন ও ঈদুল আযহার ছুটি শেষে জাকসু নির্বাচনের তারিখ ঘোষিত হইতে পারে। এলক্ষ্যে ছাত্রলীগ (ম-ই) বিশ্ববিদ্যালয়ের পরিবহন ডাইনিং, ক্যান্টিন সমস্যা সমাধানের এবং বর্ধিত হারে বৃত্তি প্রদানের দাবীতে ক্যাম্পাসে মিছিল সমাবেশ অব্যাহত রাখিয়াছে। ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষিত ১৪ জন শিবির কর্মীকে বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কারের দাবীতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট গত ২১শে এপ্রিল ভিসি প্রফেসর কাজী সালেহ আহমদের নিকট স্মারকলিপি পেশ করিয়াছে। স্মারকলিপিতে নির্ধারিত সময়ে পরীক্ষা গ্রহণ ও ফলাফল ঘোষণা করিয়া সেশন জট দূর করার দাবী জানাইয়া বলা হয়, বিশ্ববিদ্যালয় প্রশাসনের দায়িত্বজ্ঞানহীনতা ও উদাসীনতার কারণে সেশন জটমুক্ত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েও সেশন জট সৃষ্টি হইয়াছে। এদিকে জাকসু নির্বাচনকে সামনে রাখিয়া ছাত্রফ্রন্টের নেতৃবৃন্দ 'কমরেড' দলভুক্ত করিবার ব্যাপারে বেশ তৎপর।

সোভিয়েট ইউনিয়নের পতনের পর কমিউনিষ্ট পার্টির মতাদর্শগত বিরোধ ক্যাম্পাসের ছাত্র ইউনিয়নের উপর পড়িয়াছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে কট্টরপন্থীরা সংখ্যাগরিষ্ঠ। এই বৎসর ছাত্র ইউনিয়নের কর্মী সংগ্রহ আশাব্যঞ্জক নয়। ক্যাম্পাসের বৃহত্তম ছাত্র সংগঠন ছাত্রদল বহিষ্কার সমস্যায় পীড়িত। জাকসু ও ৭টি হল সংসদে একক সংখ্যাগরিষ্ঠ ছাত্রদলের সাংগঠনিক কার্যক্রম এখন বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবীতে সীমাবদ্ধ। গত ২১শে এপ্রিল ভিসিকে দেওয়া এক স্মারকলিপিতে ছাত্রদল অবিলম্বে ২ জন কর্মীর বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবী জানাইয়াছে।